গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জোনাল সেটেলমেন্ট অফিসার, রাজশাহী

এবং

মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই ২০২৪ - ৩০ জুন ২০২৫

## সূচিপত্র


| | |
|---|---|
| জোনাল সেটেলমেন্ট অফিস, রাজশাহী এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ২-৩ |
| উপক্রমণিকা | ৪-৪ |
| সেকশন ১ জোনাল সেটেলমেন্ট অফিস,রাজশাহী এর রূপকল্প (Vision) ,অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি | ৫-৫ |
| সেকশন ৩ কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ৬-৯ |
| কর্মসম্পাদন চুক্তিনামা | ১০-১০ |

# জোনাল সেটেলমেন্ট অফিস,রাজশাহী এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## ( Overview of the Performance of the Zonal Settlement Office, Rajshahi)

### সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহঃ

বর্তমান গণতান্ত্রিক সরকার রুপকল্প বাস্তবায়নের মাধ্যমে স্মাট বাংলাদেশ গড়ার এক মহতী লক্ষ্য নির্ধারণ করেছেন। এ লক্ষ্য অর্জনে ভূমিকা রাখার জন্য জোনাল সেটেলমেন্ট অফিস,রাজশাহী এর মোট ৬৩৫৩টি মৌজার মধ্যে ২০১৩-১৪ অর্থ বছরে ৩৫টি মৌজা জরিপভূক্ত করা হয়েছে। ২০১৬-২০১৭ অর্থ বছরে আরও ০১টি মৌজার কর্মসূচি ভূক্ত করা হয়। উক্ত মৌজা সমূহের মধ্যে ৩৬টি মৌজার কিস্তোয়ার কাজ সমাপ্ত ও নকশা প্রস্তুত হয়েছে, ২১ টি মৌজার বুঝারত সম্পন্ন হয়েছে। "স্ট্রেংদেনিং এ্যাকসেস টু ল্যান্ড এ্যান্ড প্রপার্টি রাইটস ফর অল সিটিজেনস অব বাংলাদেশ" শীর্ষক প্রকল্পের আওতায় ডিজিটাল জরিপ সমাপ্ত ১৩টি মৌজাসহ অন্য ২টি উপজেলার ০৩টি মৌজা মোট ১৬টি মৌজা চূড়ান্ত গেজেট বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। বর্ণিত মৌজাসমূহের ভলিউম বাঁধাই শেষে মৌজার রেকর্ড সমূহ জেলা প্রশাসকসহ সংশ্লিষ্ট দপ্তরসমূহে হস্তান্তর করা হয়েছে।

২০১৯-২০ অর্থ বছরে ০৪টি উপজেলার ০৮টি মৌজার জরিপ কার্যক্রম গ্রহনের অনুমোদন দেয়া হয়। এ পর্যন্ত গৃহীত কর্মসূচিভূক্ত মোট মৌজা ৪৪টি। ২০২০-২০২১ অর্থ বছরের ফেব্রুয়ারি ২০২১ হতে ট্রাভার্স কাজ আরম্ভ করে ০৮ টি মৌজা কিস্তোয়ার সমাপ্ত করা হয়েছে।

২০২৩-২০২৪ অর্থ বছর পর্যন্ত ০৫টি মৌজা বুঝারত সমাপ্ত হয়েছে। ০৩টি মৌজা তসদিক আরম্ভ হয়েছে।

নবসৃষ্ট জোন বিধায় সকল জেলা ও উপজেলায় ব্যাপকভাবে জরিপ কার্যক্রম শুরু না হওয়ায় ভারতের সাথে বাংলাদেশের সীমানা বিরোধ চিহ্নিত হয়নি।

অধিদপ্তর কর্তৃক জোনাল সেটেলমেন্ট অফিস, রাজশাহী জোনে ০১ জন সহকারী সেটেলমেন্ট অফিসার, ১৬ জন উপ-সহকারী সেটেলমেন্ট অফিসার, ২৭ জন সার্ভেয়ার, ০৩ জন ড্রাফ্টস্ম্যান, ০৪ জন কপিষ্ট কাম বেঞ্চ সহকারী ,০২ জন খারিজ সহকারী ও ০২ জন রেকর্ড কিপার মোট ৫৫ জন কর্মকর্তা/কর্মচারীকে পদায়ন করা হয়েছে।

এ জোনের ১৬ জন উপ-সহকারী সেটেলমেন্ট অফিসারকে সার্ভে এন্ড সেটেলমেন্ট বিষয়ক, ২৭ জন সার্ভেয়ার ও ০৩ জন ড্রাফটসম্যানকে ডিজিটাল জরিপ জিআইএস, ইটিএস, আর্কজিআইএস, বেসিক কম্পিউটার, প্রশিক্ষণ গ্রহন করেছেন এবং ০৪ জন কপিষ্ট কাম বেঞ্চ সহকারী, ০১ জন খারিজ সহকারী প্রত্যেকেই বিভিন্ন পর্যায়ে ই-নথি, মৌল অফিস ব্যবস্থাপনা ও প্রশিক্ষণ গ্রহন করেছেন। ০১ জন সার্ভেয়ার UAV Data Capturing & Processing শীর্ষক প্রশিক্ষণ কোর্স সম্পন্ন করেছেন। অন্যান্য সকল সার্ভেয়ারগণের নাম প্রস্তাব করা হয়েছে। রাজশাহী মহানগরে ডিজিটাল জরিপ কাজ আরম্ভ করার লক্ষে 'ক' এবং 'খ' ইস্তেহার জারি হয়ে পিসিএসএম পিলার স্থাপনের জন্য স্থানাংক নির্ণয় শেষে পিলার স্থাপনের অপেক্ষায় রয়েছে।

আধুনিক যন্ত্রপাতি সরবরাহ ও আর্থিক বরাদ্দ পেলে জরিপ বিষয়ে প্রয়োজনীয় সকল কার্যক্রম গ্রহন করা হবে। এজোনে জোনাল কার্যালয়সহ জরিপ চলমান ০৬ তিনটি উপজেলায় সার্বক্ষণিক ইন্টারনেট ব্যবস্থা চালু করা হয়েছে।

### সমস্যা ও চ্যালেঞ্জসমূহঃ

ডিজিটাল জরিপ কার্যক্রম বাস্তবায়ন ও অনলাইন সেবা প্রদান কার্যক্রমে প্রশিক্ষিত ও কারিগরি জ্ঞান সম্পন্ন জনবলের এবং আধুনিক যন্ত্রপাতির অপর্যাপ্ততা রয়েছে। সিস্টেম এনালিস্ট/ প্রোগ্রামার পদ সৃষ্টি করা প্রয়োজন জেলা এবং উপজেলা পর্যায়ে অফিসের অবকাঠামো না থাকায় এবং জনবল নিয়োগের ক্ষেত্রে সময়োপযোগি নিয়োগ বিধি না থাকায় বিভিন্ন পর্যায়ে অনুমোদিত জনবলের মধ্যে অনেক পদ শূন্য থাকায় ভূমি মালিকগণকে স্বাভাবিক সেবা প্রদানে সমস্যা হচ্ছে।

## ভবিষ্যৎ পরিকল্পনাঃ

অনলাইন সফটওয়ারের মাধ্যমে জোনাল সেটেলমেন্ট অফিস, রাজশাহীতে পূর্ণাঙ্গ ডিজিটাল জরিপ চালু রাখা, অনলাইনে নকশা ও খতিয়ান বিতরণ সেবা চালু করণ, A2i এর সহায়তায় অন লাইনে আর ও আর (স্বত্বলিপি) এবং ম্যাপ প্রদর্শন, নক্সা ও খতিয়ান কম্পিউটারাইজড/ডিজিটালাইজডকরণ, ই-টেন্ডারিং, ই-সেবা চালুকরণসহ প্রশিক্ষণ ও মোটিভেশন কার্যক্রম গ্রহণ করা হবে। আধুনিক যন্ত্রপাতি সংগ্রহ করণ, সার্ভে ও সেটেলমেন্ট প্রশিক্ষণে পদায়নকৃত জনবলকে প্রশিক্ষিত করা এবং বাজেট অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে স্থায়ী আবাসিক ভবন নির্মাণ এবং জোনাল সেটেলমেন্ট অফিস ভবন নির্মাণের পরিকল্পনা আছে।

### ২০২৩-২০২৪ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ

* জোনাল সেটেলমেন্ট অফিস, রাজশাহী এর অধীন ৪৪ টি মৌজার মধ্যে ইতিমধ্যে ১৬টি মৌজার ডিজিটাল জরিপ কাজ সমাপ্ত। অবশিষ্ট ২৮ টি মৌজার মধ্যে মাঠ জরিপ কার্যক্রমসহ ০১টি মৌজার চুড়ান্ত প্রকাশনা সমাপ্ত, ০১টি মৌজার চুড়ান্ত প্রকাশনা স্তরে উন্নীত, ০৩টি মৌজার তসদিক সমাপ্ত হয়েছে।
  ২০২৪-২৫ অর্থ বছরে ০৩টি মৌজার খসড়া প্রকাশনা, আপত্তি ও আপীল স্তর সমাপ্ত করা হবে। এর মধ্যে ০২টি মৌজার চুড়ান্ত যাঁচ, মুদ্রনের জন্য প্রেরণ, চুড়ান্ত প্রকাশনা গেজেট বিজ্ঞপ্তি শেষে জেলা প্রশাসক বরাবর হস্তান্তর করা হবে ।
* ঢাকাস্থ ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরে সকল কর্মকর্তাকে রাজস্ব জরিপ সংক্রান্ত ও কৌশলগত বিভিন্ন প্রশিক্ষণ গ্রহনের জন্য প্রস্তাব প্রেরণ করা হবে। এ জোনের সকল সার্ভেয়ার ও উপ-সহকারী সেটেলমেন্ট অফিসারগণকে অধিদপ্তর হতে বাজেট প্রাপ্তি সাপেক্ষে প্রশিক্ষণ প্রদান করা হবে।

* অভ্যন্তরীন মৌজার সীমানা বিরোধ নাই। ভবিষ্যতে অভ্যন্তরীন মৌজার সীমানা বিরোধ সৃষ্টি হলে নিস্পত্তি করা হবে।

## উপক্রমণিকা (Preamble)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের অধীন জোনাল সেটেলমেন্ট অফিসার, রাজশাহী

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের মধ্যে ২০২৪ সালের ২রা জুলাই তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয় পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

## সেকশন ১

**জোনাল সেটেলমেন্ট অফিসার, রাজশাহী এর** রুপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি।

### ১.১ রুপকল্প (Vision):

জনবান্ধব ভূমি মালিকানা প্রতিষ্ঠা ।

### ১.২ অভিলক্ষ্য (Mission):

দক্ষ, প্রযুক্তি নির্ভর ও টেকসই ভূমি জরিপ ব্যবস্থাপনার মাধ্যমে ভূমি মালিকদের সঠিক মালিকানা তথ্য নিশ্চিতকরণ।

### ১.৩. কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

#### ১.৩.১. জোনাল সেটেলমেন্ট অফিস, রাজশাহী এর কৌশলগত উদ্দেশ্যসমূহঃ

১. আধুনিক প্রযুক্তি প্রয়োগে ভুমি জরিপ কাজে দক্ষতা বৃদ্ধি।

২. নির্ধারিত সময়ে নির্ভুল স্বত্বলিপি প্রণয়ন।

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহঃ

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন।
২. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন।
৩. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন।
৪. উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন।
৫. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।
৬. জাতীয় শুদ্ধাচার কৌশল সচল রাখা।

### ১.৪. কার্যাবলি (Functions):

১. পর্যায়ক্রমে এ জোনের কর্মপরিকল্পনা ভূক্ত প্রতিটি মৌজা ডিজিটাল জরিপ পূর্বক স্বত্বলিপি ও মৌজা ম্যাপ প্রণয়ন।
২. প্রণীত স্বত্বলিপি সংরক্ষণ ও প্রয়োজনীয় দপ্তরসমূহে সরবরাহ করণ।
৩. আন্তঃজেলা ও আন্তঃ উপজেলা সীমানা নির্ধারণের ক্ষেত্রে কারিগরি সহায়তা প্রদান।
৪. ডিজিটাল ভূমি জরিপের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান।
৫. কর্মকর্তাদের সার্ভে ও সেটেলমেন্ট প্রশিক্ষণসহ বিভিন্ন প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহন।

সেকশন-৩ ঃ

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ঃ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান ( Weight of Strategic objectives) | কার্যক্রম ( Activities) | কর্মসম্পাদন সূচক (performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২০২৫ (Target/ Criteria/value for FY 2024-2025) | | | | | প্রক্ষেপন ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | ২০২২-২০২৩ | ২০২৩-২০২৪ | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| জোনাল সেটেলমেন্ট অফিস, রাজশাহী এর উদ্দেশ্য সমূহ | | | | | | | | | | | | | | |
| (১) দক্ষ ও কার্যকর ভূমি স্বত্ব ব্যবস্থাপনা | ৭৫ | ১.১ মৌজা জরিপ করণ | ১.১.১ জিওডেটিক পিলার স্থাপন | সংখ্যা | ৪ | ১০ | ২০ | ৪০ | ১৫ | ১০ | - | - | ৩০ | ৪০ |
| | | | ১.১.২ জরিপকৃত মৌজা (তসদিক পর্যন্ত) | মৌজা (সংখ্যা) | ৩ | ২ | ৩ | ৫ | ১ | - | - | - | ৪ | ৫ |
| | | | | খতিয়ান সংখ্যা (হাজার) | ৩ | ১৪.০০ | ১৬.০০ | ২৬.০০ | ২৪.০০ | ২২.০০ | - | - | ২০.০০ | ২৫.০০ |
| | | | ১.১.৩ জরিপকৃত মৌজা (চূড়ান্ত যাঁচ পর্যন্ত) | মৌজা (সংখ্যা) | ৪ | ৪ | ১ | ৩ | ২ | - | - | - | ৪ | ৫ |
| | | | | খতিয়ান সংখ্যা (হাজার) | ৪ | ৩ | ৭ | ১৬ | ১২ | - | - | - | ১২.০০ | ১৫.০০ |
| | | ১.২ স্বত্বলিপি প্রস্তুত | ১.২.১ স্বত্বলিপির শুদ্ধলিপি প্রস্তুতকৃত | মৌজা (সংখ্যা) | ৪ | ৪ | ১ | ৩ | - | - | - | - | ৪ | ৫ |
| | | | | খতিয়ান সংখ্যা (হাজার) | ৪ | ১.৭ | ৭.০০ | ১৬.০০ | - | - | - | - | ১২.০০ | ১৫.০০ |
| | | | ১.২.২ ম্যাপ প্রস্তুতকৃত | মৌজা (সংখ্যা) | ৩ | ৩ | ২ | ৩ | ২ | - | - | - | ৪ | ৫ |
| | | | | সীট সংখ্যা | ৩ | ১০ | ১০ | ৫০ | ৪০ | - | - | - | ২০ | ২৫ |
| | | ১.৩ স্বত্বলিপি মুদ্রণের জন্য প্রেরিত | ১.৩.১ স্বত্বলিপি মুদ্রণের জন্য প্রেরিত | মৌজা সংখ্যা | ৪ | ৩ | ২ | ৩ | - | - | - | - | ৪ | ৫ |
| | | | | খতিয়ান সংখ্যা (হাজার) | ৪ | ৭.০০ | ৩.০০ | ১৬.০০ | - | - | - | - | ১২.০০ | ১৫.০০ |
| | | | ১.৩.২ ম্যাপ মুদ্রণের জন্য প্রেরিত | মৌজা (সংখ্যা) | ৪ | ২ | ২ | ৩ | - | - | - | - | ৪ | ৫ |
| | | | | সীটসংখ্যা | ৪ | ১৬ | ১০ | ৫০ | - | - | - | - | ২০ | ২৫ |

সেকশন-৩ ঃ

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ঃ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান ( Weight of Strategic objectives) | কার্যক্রম ( Activities) | কর্মসম্পাদন সূচক (performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২০২৫ (Target/ Criteria/value for FY 2024-2025) | | | | | প্রক্ষেপন ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | ২০২২-২০২৩ | ২০২৩-২০২৪ | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| জোনাল সেটেলমেন্ট অফিস, রাজশাহী এর উদ্দেশ্য সমূহ | | | | | | | | | | | | | | |
| | | ১.৪ স্বত্বলিপি প্রকাশ | ১.৪.১ স্বত্বলিপি চূড়ান্ত প্রকাশিত | মৌজা (সংখ্যা) | ৫ | ২ | ১ | ২ | - | - | - | - | ৬ | ৮ |
| | | | | খতিয়ান সংখ্যা (হাজার) | ৫ | ৬.০০ | ৭.০০ | ১২.৫০ | - | - | - | - | ১৫.০০ | ১২০.০০ |
| | | | ১.৪.২ গেজেট বিজ্ঞপ্তি প্রকাশ | মৌজা (সংখ্যা) | ৫ | ০২ | ১ | ২ | - | - | - | - | ০৬ | ০৮ |
| | | | | খতিয়ান সংখ্যা (হাজার) | ৫ | ৬.০০ | ৭.০০ | ১২.৫০ | - | - | - | - | ১৫.০০ | ২০.০০ |
| | | ১.৫ স্বত্বলিপি হস্তান্তর | ১.৫.১ ভূমি রাজস্ব কর্তৃপক্ষের নিকট হস্তান্তরিত স্বত্বলিপি | মৌজা (সংখ্যা) | ৫ | ৪ | - | ২ | - | - | - | - | ৬ | ৮ |
| | | | | খতিয়ান সংখ্যা (হাজার) | ২ | ৬.০০ | - | ১২.৫০ | - | - | - | - | ১৫.০০ | ২০.০০ |

## জোনাল সেটেলমেন্ট অফিস, রাজশাহী এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ
### (মোট নম্বর-২৫)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান ( Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদক সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান ( Weight of performance indicators) | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২০২৫ (Target/ Criteria/value for FY 2024-2025) | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | 100% | 90% | 80% | 70% | 60% |
| বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ | ৬ | ২০১৮-২০১৯ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মুল্যায়ন প্রতিবেদন দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ২ | ২৪ জুলাই ২০২৪ | ২৯ জুলাই ২০২৪ | ৩০ জুলাই ২০২৪ | ৩১ জুলাই ২০২৪ | ০১ আগষ্ট ২০২৪ |
| | | ২০১৯-২০২০ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ২ | ১৩ জানুয়ারি ২০২৫ | ১৬ জানুয়ারি ২০২৫ | ১৭ জানুয়ারি ২০২৫ | ২০ জানুয়ারি ২০২৫ | ২১ জানুয়ারি ২০২৫ |
| | | সরকারী কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতিসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | আয়োজিত প্রশিক্ষণের সময় | জনঘন্টা* | ২ | ৬০ | - | - | - | - |
| কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ১১ | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত | % | ২ | ৮০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত * | % | ২ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | | ই-ফাইলে পত্র জারিকৃত ** | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প(SIP) বাস্তবায়ন | ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়িত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর ২০২৪ | ০৭ জানুয়ারি ২০২৫ | ১৪ জানুয়ারি ২০২৫ | ২১ জানুয়ারি ২০২৫ | ২৮ জানুয়ারি ২০২৫ |
| | | সিটিজেনস চার্টার বাস্তবায়ন | হালনাগাদকৃত সিটিজেনস চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | | সেবা গ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর ২০২৪ | ১৫ জানুয়ারি ২০২৫ | ০৭ ফেব্রুয়ারি ২০২৫ | ১৭ ফেব্রুয়ারি ২০২৫ | ১৮ ফেব্রুয়ারি ২০২৫ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিস্পত্তিকৃত | % | ১ | ১০০ | - | - | - | - |
| | | পিআরএল শুরুর ২মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়ন পত্র জারি নিশ্চিতকরণ | পিআরএল আদেশ জারীকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | ছুটি নগদায়ন পত্র জারীকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান ( Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদক সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান ( Weight of performance indicators) | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২০২৫ (Target/ Criteria/value for FY 2024-2025) | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | 100% | 90% | 80% | 70% | 60% |
| | | | | | | | | | | |
| আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৫ | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | ব্রডসীট জবাব প্রেরিত | % | ০.৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ১০০ | - | - | - | - |
| | | স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি ২০২৫ | ১৭ ফেব্রুয়ারি ২০২৫ | ২৮ ফেব্রুয়ারি ২০২৫ | ২৮ মার্চ ২০২৫ | ১৫ এপ্রিল ২০২৫ |
| | | | অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি ২০২৫ | ১৭ ফেব্রুয়ারি ২০২৫ | ২৮ ফেব্রুয়ারি ২০২৫ | ২৮ মার্চ ২০২৫ | ১৫ এপ্রিল ২০২৫ |
| | | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | % | ২ | ১০০ | - | - | - | - |
| জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ণ জোরদারকরণ | ৩ | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রণীত | তারিখ | ১ | ১৫ জুলাই | ৩১ জুলাই | - | - | - |
| | | নির্ধারিত সময়ের মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিল | নির্ধারিত সময়ের মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| | | তথ্য বাতায়ন হালনাগাদ করণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ১ | ১০০ | - | - | - | - |

আমি, জোনাল সেটেলমেন্ট অফিসার, রাজশাহী মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর জোনাল সেটেলমেন্ট অফিসার, রাজশাহী এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিতঃ

| | |
|---|---|
| জোনাল সেটেলমেন্ট অফিসার<br>রাজশাহী | তারিখ |

| | |
|---|---|
| মহাপরিচালক<br>ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর<br>আনিস মাহমুদ<br>মহাপরিচালক (গ্রেড-১)<br>ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর<br>ভূমি মন্ত্রণালয় | ২৪.০৫.২০১৮<br>তারিখ |